গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

সিলেট বিভাগীয় জেলা প্রশাসক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৬ নভেম্বর, ২০২০ |
| সভার সময় | সকাল ৯.০০ ঘটিকা |
| স্থান | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে স্ব স্ব সভা কক্ষ |
| উপস্থিতি | অনলাইন |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) কার্যপত্র মতে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে তা সংশোধনী ব্যতীত অনুমোদিত হয়।

০২। সভায় গতমাসে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১. মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন জেলাসমূহ থেকে যথাসময়ে পাওয়া গেছে। কার্যক্রমটি চলমান থাকায় যথাসময়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচিত হয়। | মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| **২. ফৌজদারি কার্যবিধির আওতায় বিচারাধীন মামলা পর্যালোচনা:**<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসনের অধীন ফৌজদারি আদালত পরিচালনা করা হচ্ছে, প্রমাপ অর্জন নিশ্চিত করা হচ্ছে। সভাপতি এ সিদ্ধান্ত বাস্তাবায়ন অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসনের অধীন আদালত পরিচালনা অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| | ২। ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর আওতায় দায়েরকৃত মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিসহ প্রমাপ অর্জন নিশ্চিতকরণ অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞজেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| **৩. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মোবাইল কোর্টের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ এবং ই-কোর্টে তথ্য আপলোড অব্যাহত রয়েছে। নির্বাহা ম্যাজিস্ট্রেটগণ মোবাইল কোর্টের জরিমানার টাকা চালানের মাধ্যমে নির্ধারিত খাতে জমাদান এবং অনলাইনে ভেরিফাই করে নিশ্চিতকরণ করছেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটগণ চালানের অনলাইন ভেরিফিকেশন তদারকি করছেন বলে সভায় জানানো হয়। ইভটিজিং প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা হয়েছে। | ক. মোবাইল কোর্টের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ এবং ই-কোর্টে তথ্য আপলোড অব্যাহত রাখতে হবে।<br>খ. মোবাইল কোর্টে আদায়কৃত জরিমানার টাকা যথাযথভাবে নির্ধারিত খাতে জমা প্রদান নিশ্চিতকরণ এবং অনলাইনে চালান ভেরিফিকেশন অব্যাহত রাখতে হবে।<br>গ. ইভটিজিং প্রতিরোধে মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) |
| **৪. ই-নথি ও ই-সার্ভিস সিস্টেম**<br>ক. সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে ই-নথি কার্যক্রম জোরদার করা হয়েছে। বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট গত মার্চ ২০২০ হতে আগস্ট ২০২০ পর্যন্ত ১ম অবস্থান রয়েছে। তবে সেপ্টেম্বর ২০২০ মাস হতে ই-নথি কার্যক্রমের কোন প্রতিবেদন প্রকাশিত না হওয়ায় বিষয়টি পর্যালোচনা করা যাচ্ছে না।<br>খ. সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে ই-মেইল নীতিমালা মতে সরকারি কাজে দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিতের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সিলেট বিভাগের জেলাসমূহের ওয়েবপোর্টাল পরীক্ষায় দেখা যায় হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলায় উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। সিলেট জেলায় ১জন ও মৌলভীবাজার জেলায় ২জন কর্মকর্তার ক্ষেত্রে তা বাস্তবায়ন বাকি রয়েছে।<br>গ. সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তমতে দাপ্তরিক যোগাযোগ করার জন্য এ বিভাগের প্রশাসনের কর্মকর্তাদের কর্পোরেট/দাপ্তরিক সিম জেলা প্রশাসক, ডিডিএলজি, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার পর্যায়ে ব্যবহার নিশ্চিত করা হয়েছে।<br>ঘ. সভায় জানানো হয় গত সভায় ই-নথিতে অপ্রয়োজনীয় পত্র জারি না করার সিদ্ধান্ত হয়েছে। দু' একটি জেলা থেকে এখনো ই-নথিতে অপ্রয়োজনীয় পত্র জারির লক্ষণ দেখা গেছে। এ ছাড়া কোন কোন জেলা থেকে ই-নথিতে পত্র জারির পর একই পত্র প্রিন্ট করে পুনরায় হার্ডকপি প্রেরণ করা হচ্ছে। | ক. ই-নথি কার্যক্রম জোরদার অব্যাহত রাখতে হবে।<br>খ. সকল কর্মকর্তাদের দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>গ. সহকারী কমিশনার (ভূমি) পদের কর্মকর্তাদের কর্পোরেট/দাপ্তরিক সিম ব্যবহারের বিষয় বিবেচনা করতে হবে।<br>ঘ. ই-নথিতে অপ্রয়োজনীয় পত্র জারি থেকে বিরত থাকতে হবে।<br>ঙ. ই-নথিতে জারিকৃত পত্র পুনরায় হার্ড নথিতে প্রেরণ বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. জেলা প্রশাসক (সকল) |
| **৫. অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেম চালুকরণ**<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের সীমাবদ্ধতা বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সফট বিডি এবং মন্ত্রিপরিষদ বিভাগে জেলা প্রশাসকগণ পত্র প্রেরণ করেছেন। সভায় অনলাইন ডিলিং লাইসেন্স ব্যবস্থার উন্নতিকল্পে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।। | ১। অনলাইন ডিলিং লাইসেন্স সিস্টেমের সমস্যা ও উত্তরণের উপায় এবং সিস্টেম উন্নয়নের বিষয়ে জেলা প্রশাসকগণ যোগাযোগ অব্যাহত রাখবেন। | জেলা প্রশাসক (সকল) |

| | | |
|---|---|---|
| <u>৬. গণশুনানি সংক্রান্ত:</u><br>বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী গণশুনানি প্রতিবেদন সুনামগঞ্জ জেলার ফরম্যাট অনুসরণ করে সিলেট জেলা হতে পাওয়া গেছে। তবে সকল জেলার গণশুনানী সংখ্যা বিষয়ে স্পষ্টীকরণ: ইউনিট সংখ্যাX চার বিষয়টি সঠিক রয়েছে। সভার সিদ্ধান্ত অনুয়ায়ী ইউনিট সংখ্যা ঠিক রেখে গণশুনানী প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | গণশুনানির তথ্য সভার আলোচনা মতে প্রেরণ এবং গণশুনানী সংখ্যা: ইউনিট সংখ্যাX চার নির্ধারণ করে আলোকে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>৭. ওঠান বৈঠক অনুষ্ঠান:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন সামাজিক প্রচারণার অংশ হিসেবে ওঠান বৈঠক-সভা অনুষ্ঠিত হচ্ছে। | স্বাস্থ্যবিধি মেনে সামাজিক প্রচারণার অংশ হিসেবে ওঠান বৈঠক/সভা পরিচালনা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>৮. করোনা ভাইরাস প্রতিরোধ:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে "করোনার দ্বিতীয় দফা সংক্রমণ" পরিকল্পনা গ্রহণ ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভায় মাস্ক পরা নিশ্চিত করার জন্য আইন প্রয়োগের বিষয় আলোচনা করা হয়। | ক. "করোনার দ্বিতীয় দফা সংক্রমণ" মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ /সচেতনতামুলক কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>খ. মাস্ক পরা নিশ্চিত করার লক্ষ্যে প্রচারণা/চেক পয়েন্ট/আইন প্রয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>৯. কর্মকর্তাদের বিরুদ্ধে তদন্তাধীন অভিযোগের নিষ্পত্তি:</u><br>সভায় জানানো হয় যে, বর্তমানে কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন তদন্ত পেন্ডিং নেই। | কর্মকর্তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে (যদি থাকে) নির্ধারিত সময়ের প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>১০. জেলা ব্রান্ডিং:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে জেলা সমূহে "জেলা ব্রান্ডিং" কার্যক্রম চলমান রয়েছে। সভায় একশন প্ল্যান তৈরি এবং এ বিষয়ক পুস্তক প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | জেলা ব্র্যান্ডিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>১০. ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রকল্প সংক্রান্ত:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে সকল জেলা থেকে ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জন্য গৃহীত প্রকল্প তালিকা পাওয়া গেছে। সভায় জানানো হয় যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে অনুষ্ঠিত সভায় উপস্থাপিত প্রকল্প এবং জেলা প্রশাসকদের নিকট থেকে প্রাপ্ত প্রকল্প তালিকায় গরমিল রয়েছে। যে সকল প্রকল্প তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয়ে পৌঁছায়নি তা পুনঃ প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | (ক) ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জন্য যে সকল প্রকল্পের প্রস্তাব প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়নি সে সকল প্রস্তাব দ্রুত প্রধানমন্ত্রীর কার্যালয় প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>১১. অডিট আপত্তি ও নিষ্পত্তি:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে অডিট আপত্তি নিষ্পত্তি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | পেন্ডিং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ উদ্যোগ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>১২. জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে অগ্রগতি প্রেরণ নিশ্চকরণের বিষয়ে আলোচনা করা হয়। সকল জেলা হতে জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতি প্রতিবেদনের তথ্য এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |
| <u>১৩. পেন্ডিং তালিকা:</u><br>গত সভার সিদ্ধান্ত মতে পেন্ডিং তালিকা সম্পর্কে জেলা প্রশাসকগণকে অবহিত করা হলেও পেন্ডিং তালিকা নিষ্পত্তিতে কোন অগ্রগতি হয়নি। | ক. জেলা প্রশাসকগণের নিকট এ কার্যালয়ের পেন্ডিং কাজকর্ম নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. বিভাগীয় কমিশনারের কার্যালয়ে জেলা প্রশাসকগণের পেন্ডিং তালিকা প্রতিমাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) |

০৩। পূর্ববর্তী সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণ ও সঠিকভাবে উপস্থাপন করায় সভাপতি সভার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও তা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০২.২০.৯৯০

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭
০২ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

৩) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার